



## আপনি কি বাইবেল থেকে একটি ভালো উদাহরণ দিতে পারবেন যেখানে একজন নারী নেতৃত্ব দিচ্ছে?

হ্যাঁ, অনেক! বাইবেলে আমরা এমন অনেক উদাহরণ দেখতে পাই যেখানে একজন নারী নেতৃত্ব দিচ্ছে। আসুন বিষয়টিকে খুব সাধারণ এবং একটি অনুচ্ছেদে নিবন্ধ রাখি-ইফি ৪:১১-১২।

“আর তিনি কয়েকজনকে প্রেরিত, কয়েকজনকে ভাববাদী, কয়েকজনকে সুসমাচার প্রচারক ও কয়েকজনকে পালক ও শিক্ষাগুরু করিয়া দান করিয়াছেন, পবিত্রগণকে পরিপক্ব করিবার নিমিত্তে করিয়াছেন।”

**APEPT**

মূল শব্দ

## পাঁচ ভাজ যুক্ত পরিচর্যা

ইফিষীয় ৪:১১-১২

পরিপক্বকারী দান- যারা অন্যদেরকে পরিচর্যার জন্য তৈরি করে।

প্রেরিত পৌল মন্ডলীতে পাঁচটি পরিপক্বকারী কাজের তালিকা তৈরি করেছেন যা যীশু দিয়েছেন মন্ডলীতে একে অপরকে গড়ে তোলার জন্য। এই আশির্বাদ প্রাপ্ত লোকেরা পরিচালনা করে, নেতৃত্ব দেয়, শিক্ষা দেয়, এবং খ্রীষ্টের দেহকে প্রস্তুত করে যাতে সমস্ত পৃথিবীকে প্রভাবিত করতে পারে। বাইবেলে কোথাও পরিপক্বকারী হিসেবে একজন নারীকে দেখানো হয়েছে? হ্যাঁ, অনেক!

- **A—Apostles(প্রেরিত)** যুনিয় -কে (রোমীয় ১৬:৭) পৌল বলেছেন প্রেরিতদের মধ্যে সুপরিচিত। প্রেরিত হলো তারা যাদেরকে মিশনারী হিসেবে প্রেরণ করা হয় যেমন পৌল, সীল, বার্নাবা-শুধুমাত্র বারোজন নয়)
- **P—Prophets(ভাববাদী)** ফিলিপের কন্যা (প্রেরিত ২১:৯), আনা (লুক ২:৩৬), মরিয়াম (যাত্রা ১৫:২০), দেবোরা (বিচারকতৃকগণ ৪:৪), হালদা (২ রাজাবলি ২২:১৪), যিশাইয়ের স্ত্রী (যিশাইয় ৮:৩)
- **E—Evangelists(প্রচারক)** মগদলিনী মরিয়ম, যোয়ানা, যাকোবের মা মরিয়ম (মথি ২৮:৮-১০, লুক ২৪:৯-১০ এবং যোহন ২০:১৭-১৮), শমরীয় নারী (যোহন ৪:৩৯)
- **P—Pastors(যাজক)** কোন নারী বা পুরুষকে বাইবেলে যাজক বলে সম্বোধন করা হয়নি। বরং তাদেরকে মেম্বারালক বলা হয়েছে, যার কাজ হলো মন্ডলীকে লালন-পালন করা। একজন প্রবীণ পালকের কাজের অস্তিত্ব প্রথম শতকে ছিল না। গৃহ মন্ডলীর নারী নেতারা ছিলেন- ফোবি, ক্লোয়ি, নিফা।
- **T—Teachers(শিক্ষক)** প্রিক্সিল্লা (প্রেরিত ১৮:২৪)।

এই অসাধারণ নারীরা প্রচুর রূপে প্রশংসিত ছিলেন। তাদেরকে ইস্রায়েল জাতি, যীশু, পৌল এবং আদি মন্ডলীর সবাই তাদেরকে সম্মান করেছে এবং স্মরণ করেছে।

তারা ঈশ্বরের সেবক (স্ত্রী/মা এর পরিবর্তে) হিসেবে নথিভুক্ত। তারা সেইসব নেতা যাদেরকে প্রেরণ করা হয়েছে, ঈশ্বরের আহ্বান শুনেছে ও বলেছে, সুসমাচার প্রচার করেছে, পালন করেছে ও নির্দেশনা দিয়েছে।

এই অনুচ্ছেদগুলির কোথাও এমন উল্লেখ নেই যে ঈশ্বর এই নারীদের সেবায়/কাজে অখুশি ছিলেন। কোন কিছুতেই না! কোন বাইবেলীয় আদেশই এই নারীদেরকে চুপ থাকার নির্দেশনা দেয়নি। গুরুত্বপূর্ণ বিষয় হলো, ঈশ্বর এদেরকে নিরুৎসাহিত করেননি অথবা থামাননি।

অন্য নেতৃত্বদানকারী নারীদের বাইবেলে প্রশংসা করা হয়েছে(এবং আজও)

- হবা-ঈশ্বরের কতৃক অনুমোদিত- তার স্বামীর সাথে সম্পূর্ণ পৃথিবী পৃথিবীকে পূর্ণ ও কর্তৃত্ব করার জন্য। (আদি ১-২)
- মরিয়ম- প্রান্তরে ইস্রায়েল জাতির আরাধনা পরিচালনা করতেন। (যাত্রা ১৫:২০)
- লিডিয়া- ইউরোপকে সুসমাচারের জন্য উন্মুক্ত করেছিলেন। তার বাড়িই ইউরোপে প্রথম মন্ডলী। (প্রেরিত ১৬)
- ফৈবী- তাকে ডিকন এবং *prostitis* বা সেবাদানকারী নেতৃত্বের চূড়ান্ত রূপের শব্দ দ্বারা ডাকা হতো। (রোমীয় ১৬:১-২)
- মহান আদেশ-প্রতিটি নারী যারা যীশুকে বিশ্বাস করে তারা মথি ২৮:১৯-২০ -এর মহান আদেশ মেনে চলতে ইচ্ছুক।

যেসব নারীরা পরিচর্যাক্ষেত্রে অন্যান্য পরিচর্যাকারীদেরকে গড়ে তোলে এবং ঈশ্বরের লক্ষ্য পূরণে কাজ করে, তাদের উপর ঈশ্বর খুশি হন। নারী ও পুরুষ

একসাথে, কাঁধে কাঁধ মিলিয়ে সেবা করবে এটিই ছিলো ঈশ্বরের আসল পরিকল্পনা।

কেউ কি ঈশ্বরের সেবাকারীদেরকে অখ্যাতি করবে বা সীমাবদ্ধ করে রাখবে?

কোন ধরণের মানুষ ঈশ্বরের ফসল সংগ্রহের দলকে সীমাবদ্ধ করে দিতে চাইবে?

উপসংহার

ঈশ্বর অটল। যদি আমরা বাইবেলে কোন ঈশ্বরীয় গুণপূর্ণ নারীকে নেতৃত্ব দিতে দেখি এবং ঈশ্বর যদি তাকে অনুমোদন দেয় তাহলে তিনি অবশ্যই এই বিষয়টি মঞ্জুর করছেন।

### চারটি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি ঈশ্বর সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?